

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বাজেট অনুমোদন

চট্টগ্রাম অফিস

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ২০০৭-০৮ অর্থবছরের সংশোধিত ও ২০০৮-০৯ সালের প্রাকলিত বাজেট অনুমোদন করা হয়েছে। গতকাল সকালে ফাইন্যান্স কমিটি ও সিন্ডিকেটের ৪৪তম বৈধ সভায় এ অনুমোদন দেয়া হয়।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. এম বাদিউল আলম বলেন, আমাদের চাহিদা অনেক। কিন্তু মন্ত্রি কমিশন থেকে পাওয়া বাজেট চাহিদার তুলনায় অনেক কম ও অপ্রতুল। বিশ্ববিদ্যালয়ের উচ্চ শিক্ষা ও গবেষণা উন্নয়ন, আধুনিক চিন্তা-চেতনায় উদ্বুদ্ধ হয়ে যুগোপযোগী পরিকল্পনা গ্রহণ করতে এ বাজেট সহায়তা করবে বলে তিনি আশা প্রকাশ করেন। সভায় ২০০৭-০৮ অর্থবছরের সংশোধিত ৬.৯২০ লাখ টাকা এবং ২০০৮-০৯ সালের প্রাকলিত ৭.২৮০ লাখ টাকা বাজেট অনুমোদন করা হয়।